



পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৪.২০২১- ৪৬৬


তারিখ : ০৬ ভাদ্র ১৪২৮  
২৮ আগস্ট ২০২১

**বিষয় : কারা বন্দিদের অবৈধ মোবাইল ফোন ব্যবহার রোধকরণ**

- বরাত : (ক) কারা অধিদপ্তরের স্মারক নং-পিডি/পরি-১০/২০০৩/৭৮(৬৫) তারিখ: ১৫/০১/২০০৩  
(খ) কারা অধিদপ্তরের স্মারক সংখ্যা পিডি/পরি-১০/২০০৭/১৬১(৬৭) তারিখ: ১৩/০১/২০০৮  
(গ) কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০৪৪.২০২০-২৪২(১০৫) তারিখ: ২৮/৩/২০২০  
(ঘ) কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৮.২০২১-৪৯(১০৫) তারিখ: ২১/১/২০২১

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কোনো কোনো কারাগারের কিছু কর্মকর্তা/কর্মচারী তাঁদের উপর অপিত দায়িত্ব যথাযথভাবে পালন না করায় কারাভ্যন্তরে অবৈধ মোবাইল ফোন প্রবেশ করছে। অবৈধ মোবাইল ফোন কারাভ্যন্তরে প্রবেশ রোধ করার জন্য বারংবার নির্দেশনা প্রদান করা হলেও তা সঠিকভাবে প্রতিপালন করা হচ্ছে না। ফলে বন্দিরা অবৈধভাবে প্রাপ্ত মোবাইল ফোন ব্যবহার করার সুযোগ পাচ্ছে। কোনো কোনো কারাগার থেকে অবৈধ মোবাইল ফোন উদ্ধারও করা হচ্ছে। অবৈধ মোবাইল ফোন কারাভ্যন্তরে প্রবেশ করায় কারা বিভাগের তথা সরকারের ভাবমূর্তি জনসম্মুখে ব্যাপকভাবে ক্ষুন্ন হচ্ছে। মোবাইল ফোন কিভাবে কারাভ্যন্তরে প্রবেশ করছে তা উদঘাটনপূর্বক দায়ী ব্যক্তি চিহ্নিত করে তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক।

অতএব, অবৈধ মোবাইল ফোন যাতে কোনোভাবেই কারাভ্যন্তরে প্রবেশ করতে না পারে সে ব্যাপারে যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণসহ দায়ী কারা কর্মকর্তা/কর্মচারী/বন্দির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করত: কারা অধিদপ্তরকে যথাসময়ে অবহিত করার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলো।

  
মোঃ আবরার হোসেন  
কর্নেল  
অতিরিক্ত কারা মহাপরিদর্শক  
পক্ষে-কারা মহাপরিদর্শক  
ফোন:৫৭৩০০৪৪৪ (দপ্তর)  
addl.ig@prison.gov.bd

১. কারা উপ মহাপরিদর্শক সকল বিভাগ;
১. সিনিয়র জেল সুপার, সকল কেন্দ্রীয় কারাগার;
২. জেল সুপার, সকল জেলা কারাগার;

**অনুলিপি:**

২. সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা ;
৩. পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা ;
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা ;
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা ;
৬. প্রশাসনিক কর্মকর্তা-১/২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা ;
৭. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা ;
৮. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯. ব্যক্তিগত নথি।